রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, মার্চ ২৯, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-৪ শাখা

নং ২৬.০০.০০০০.১০৩.২২.০০৬.১৭.২৯০ — তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৯ / ০৪ ডিসেম্বর ২০২২

## ‘জাতীয় রপ্তানি ট্রফি নীতিমালা-২০২২’

**প্রস্তাবনা:** যেহেতু জাতীয় অর্থনীতিকে সমৃদ্ধ এবং সুসংহত করার স্বার্থে রপ্তানি বৃদ্ধি, রপ্তানি পণ্য ও সেবার গুণগত মান উন্নয়ন ও রপ্তানি বাণিজ্যে বৈচিত্র্য আনয়নের লক্ষ্যে বাংলাদেশি পণ্য ও সেবা রপ্তানিকারক কোম্পানি, প্রতিষ্ঠান ও উদ্যোক্তাদেরকে সহায়তা ও উৎসাহ প্রদান করা আবশ্যক; এবং যেহেতু বাংলাদেশের রপ্তানি বৃদ্ধিতে যে সকল দেশি/বিদেশি কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থা রপ্তানি আয়ের ভিত্তিতে উল্লেখযোগ্য অবদান রাখছেন, তাদেরকে যথোপযুক্ত রাষ্ট্রীয় পুরস্কারে ভূষিত করা সমীচীন ও প্রয়োজনীয়।

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ সংশোধিত নীতিমালা (Policy) প্রণয়ন করা হলো:

১। **শিরোনাম:** (ক) এ নীতিমালা ‘জাতীয় রপ্তানি ট্রফি নীতিমালা- ২০২২’ নামে অভিহিত হবে।
(খ) এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

২। **সংজ্ঞা:** এ নীতিমালায় বর্ণিত বিষয়ের পরিপন্থি না হলে—

(ক) **নীতিমালা:** নীতিমালা বলতে জাতীয় রপ্তানি ট্রফি নীতিমালা- ২০২২ কে বুঝাবে।


**মূল্য :** টাকা ২৭.০০

(খ) **কোম্পানি**: কোম্পানি বলতে কোম্পানি আইন-১৯৯৪ (সর্বশেষ সংশোধনীসহ) অনুসারে গঠিত কোম্পানিকে বুঝাবে।

(গ) **প্রতিষ্ঠান**: প্রতিষ্ঠান বলতে বাংলাদেশে নিবন্ধিত (কোম্পানি আইন ১৯৯৪ অনুসারে গঠিত) দেশি/বিদেশি কোম্পানি বা পার্টনারশিপ এ্যাক্ট ১৯৩২ এর ৪ ধারা অনুসারে গঠিত ফার্ম (অংশীদারি কারবার), যৌথ মালিকানাধীন (জয়েন্ট ভেঞ্চার) কোম্পানি, সমবায় সমিতি এরূপ রপ্তানিকারক প্রতিষ্ঠানকে বুঝাবে।

(ঘ) **সংস্থা**: সংস্থা বলতে কোন বিধিবদ্ধ সংস্থাকে বুঝাবে।

(ঙ) **ট্রফি**: ট্রফি বলতে এই নীতিমালার অনুচ্ছেদ ৪ এ উল্লিখিত জাতীয় রপ্তানি ট্রফিকে বুঝাবে।

৩। **জাতীয় রপ্তানি ট্রফি ও সনদ প্রদান:**

(১) বাংলাদেশের রপ্তানি বৃদ্ধিতে যে সকল দেশি/বিদেশি কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থা রপ্তানি আয়ের ও বৈচিত্র্যকরণের ভিত্তিতে উল্লেখযোগ্য অবদান রাখবেন তাদের অবদানের স্বীকৃতিস্বরূপ রাষ্ট্রীয় পর্যায়ে জাতীয় রপ্তানি ট্রফি ও সনদ প্রদান করা হবে।

(২) রপ্তানি ট্রফি প্রতি অর্থবছরের জন্য প্রদান করা হবে এবং মাননীয় প্রধানমন্ত্রী অথবা তাঁর মনোনীত ব্যক্তি কর্তৃক প্রদেয় হবে।

(৩) ট্রফি প্রদান পণ্য ও সেবা খাতভিত্তিক হবে।

(৪) সকল রপ্তানি পণ্য ও সেবাকে নিম্নের ছকে উল্লিখিত ৩৬টি (ছত্রিশ) পণ্য ও সেবা খাতে বিভক্ত করা হবে। প্রতিটি খাতের বিপরীতে উল্লিখিত ন্যূনতম রপ্তানি আয় অর্জনকারীসহ অন্যান্য শর্ত প্রতিপালনকারী রপ্তানিকারকগণ ট্রফির জন্য আবেদন করতে পারবেন। যথা:

| ক্রমিক নং | পণ্য ও সেবা খাত | ন্যূনতম আয় (মি: মার্কিন ডলার) |
|---|---|---|
| (১) | তৈরি পোশাক (ওভেন) | ৭০.০০ |
| (২) | তৈরি পোশাক (নিটওয়্যার) | ৭০.০০ |
| (৩) | সকল ধরনের সুতা **(ডেনিম ব্যতীত)** | ৩০.০০ |
| (৪) | টেক্সটাইল ফেব্রিক্স | ১৫.০০ |
| (৫) | ডেনিম ফেব্রিক্স ও ডেনিম তৈরি পোশাক | ২০.০০ |
| (৬) | হোম ও স্পেশালাইজড টেক্সটাইল | ৫৫.০০ |
| (৭) | টেরিটাওয়েল | ৫.০০ |

| ক্রমিক নং | পণ্য ও সেবা খাত | ন্যূনতম আয় (মি: মার্কিন ডলার) |
|---|---|---|
| (৮) | হিমায়িত খাদ্য | ১০.০০ |
| (৯) | কাঁচা পাট | ৫.০০ |
| (১০) | পাটজাত দ্রব্য | ১০.০০ |
| (১১) | চামড়া (ক্রাস্ট/ফিনিশড) | ১০.০০ |
| (১২) | চামড়াজাত পণ্য | ২.০০ |
| (১৩) | ফুটওয়্যার (সকল) | ৪.০০ |
| (১৪) | চা | ১.০০ |
| (১৫) | কৃষিজ পণ্য (তামাক ব্যতীত) | ১.০০ |
| (১৬) | এগ্রোপ্রসেসিং পণ্য (তামাকজাত পণ্য ব্যতীত) | ২.০০ |
| (১৭) | ফুল-ফলিয়েজ | ১.৫০ |
| (১৮) | হস্তশিল্পজাত পণ্য | ০.৫০ |
| (১৯) | প্লাস্টিক পণ্য | ৩.০০ |
| (২০) | মেলামাইন ও সিরামিক পণ্য | ৪.০০ |
| (২১) | লাইট ইঞ্জিনিয়ারিং | ৫.০০ |
| (২২) | ইলেকট্রিক ও ইলেকট্রনিক্স পণ্য | ৮.০০ |
| (২৩) | জাহাজ | ২০.০০ |
| (২৪) | অন্যান্য শিল্পজাত পণ্য | ৩.০০ |
| (২৫) | ফার্মাসিউটিক্যাল পণ্য | ৫.০০ |
| (২৬) | কম্পিউটার সামগ্রী | ৫.০০ |
| (২৭) | কম্পিউটার সার্ভিসেস | ২.০০ |
| (২৮) | ইপিজেড ও ইজেডভুক্ত তৈরি পোশাক শিল্প (নীট ও ওভেন) | ৫৫.০০ |

| ক্রমিক নং | পণ্য ও সেবা খাত | ন্যূনতম আয় (মি: মার্কিন ডলার) |
|---|---|---|
| (২৯) | ইপিজেড ও ইজেডভুক্ত অন্যান্য পণ্য ও সেবা খাত | ১০.০০ |
| (৩০) | প্রিন্টিং ও প্যাকেজিং পণ্য | ৮.০০ |
| (৩১) | গার্মেন্টস এক্সেসরিজ পণ্য | ৮.০০ |
| (৩২) | অন্যান্য প্রাথমিক পণ্য | ১.০০ |
| (৩৩) | অন্যান্য সেবা খাত | ৫.০০ |
| (৩৪) | নারী উদ্যোক্তা/রপ্তানিকারকগণের জন্য সংরক্ষিত (রপ্তানিকৃত পণ্য ও সেবা) | ১.০০ |
| (৩৫) | আসবাবপত্র | ৩.০০ |
| (৩৬) | ট্যুরিজম এন্ড হসপিটালিটি | ৫.০০ |

**বিশেষ দ্রষ্টব্য:** রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক প্রকাশিত পরিসংখ্যানে অন্যান্য শিল্পজাত পণ্য (Other Manufacturing Commodity) এবং অন্যান্য প্রাথমিক পণ্য (Other Primary Commodity) হিসেবে বিবেচিত পণ্যাদিই ২৪ ও ৩২ নং খাতের পণ্য হিসেবে বিবেচিত হবে।

(৫) বিবেচ্য অর্থবছরের 'রপ্তানির মাধ্যমে সর্বাধিক বৈদেশিক মুদ্রা অর্জনকারী' কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থাকে 'বঙ্গবন্ধু শেখ মুজিব রপ্তানি ট্রফি' নামে একটি ট্রফি ও সনদ প্রদান করা হবে। 'বঙ্গবন্ধু শেখ মুজিব রপ্তানি ট্রফি' প্রাপক সেরা রপ্তানিকারককে সাধারণ ক্যাটাগরি থেকে ট্রফি দেয়া হবে না;

(৬) ট্রফির ক্ষেত্রে রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক প্রতিষ্ঠান ও বেসরকারি বাণিজ্যিক প্রতিষ্ঠানকে সমভাবে বিবেচনা করা হবে, অর্থাৎ মালিকানার কারণে সরকারি ও বেসরকারি খাতের মধ্যে কোন বৈষম্য করা যাবে না।

(৭) সে সকল পণ্য ও সেবা খাতের রপ্তানি শুধুমাত্র সরকারি খাতের জন্য সংরক্ষিত থাকবে সেই সকল খাতে ট্রফি প্রদান করা হবে না।

(৮) অনুচ্ছেদ ৯ এর শর্ত প্রতিপালন সাপেক্ষে সাধারণভাবে প্রতিটি পণ্য ও সেবা খাতে ১টি স্বর্ণ, ১টি রৌপ্য এবং ১টি ব্রোঞ্জ ট্রফি প্রদান করা হবে। তবে কোন নির্দিষ্ট পণ্য ও সেবার ক্ষেত্রে যদি উল্লেখযোগ্য সংখ্যক আবেদন না থাকে এবং ন্যূনতম রপ্তানি আয় না থাকে তাহলে তিনটি ট্রফির স্থলে অবস্থা বিশেষে স্বল্প সংখ্যক ট্রফি প্রদান করা যেতে পারে।

৪। **ট্রফির বিবরণ, উপাদান ইত্যাদি:**

(১) জাতীয় রপ্তানি ট্রফির ডিজাইন হবে নিম্নরূপ:—



(২) ট্রফির গায়ে জাতীয় রপ্তানি ট্রফি, জাতীয় ফুলের প্রতিকৃতি, ধাতুভিত্তিক ট্রফির শ্রেণিবিন্যাস (স্বর্ণ, রৌপ্য ও ব্রোঞ্জ) এবং ট্রফি প্রদানের বছর এবং ট্রফি প্রাপক প্রতিষ্ঠান বা সংস্থার নাম ও ঠিকানা ইংরেজিতে খোদাই করা থাকবে;

(৩) স্বর্ণ, রৌপ্য ও ব্রোঞ্জ ট্রফি ফলকের প্রতিটিতে যথাক্রমে ১০ (দশ) গ্রাম ১৮ ক্যারেট স্বর্ণ, রৌপ্য ও ব্রোঞ্জ থাকবে;

(৪) ট্রফির সাইজ হবে ৭″ × ১০″ এবং এর ডায়ামিটার হবে ৫.৫″ এবং এর কাঠ ও প্লাস্টিক ভিত্তির ওপর স্বর্ণের প্লেটিং ও মিনার কাজ থাকবে;

(৫) ট্রফি স্বচ্ছ মোড়কে পৃথক বাক্সে প্রদান করা হবে।

**"বঙ্গবন্ধু শেখ মুজিব রপ্তানি ট্রফি"-এর বিবরণ, উপাদান ইত্যাদি:**

(১) ট্রফির ডিজাইন হবে নিম্নরূপ:—



(২) ট্রফির গায়ে"বঙ্গাবন্ধু শেখ মুজিব রপ্তানি ট্রফি", জাতীয় ফুলের প্রতিকৃতি ধাতব নির্মিত এবং ট্রফিতে বৎসর খোদিত থাকবে। উপরিভাগে বঙ্গাবন্ধুর প্রতিকৃতি নির্মিত থাকবে। ট্রফির মাঝখানে রপ্তানি উন্নয়ন ব্যুরোর লোগো এবং মাঝখানে স্বর্ণের মেডাল সাটানো থাকবে।

(৩) স্বর্ণের মেডালে দুই তোলা (২৩.৩২ গ্রাম) স্বর্ণ (১৮ ক্যারেট) থাকবে। ট্রফির উচ্চতা ১২ " বা কম/বেশি হবে এবং স্বর্ণের প্লেটিং ও মিনার কাজ থাকবে।

(৪) "বঙ্গাবন্ধু শেখ মুজিব রপ্তানি ট্রফি" তে বিবেচ্য অর্থবছরের সর্বোচ্চ রপ্তানিকারক কথাটি লিপিবদ্ধ থাকবে।

(৫) ট্রফির নিম্নাংশে ট্রফি প্রাপক কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থার নাম ও ঠিকানা ইংরেজিতে লিখিত থাকবে।

(৬) এ ট্রফিতে কোন মোড়ক বা পৃথক বাক্স থাকবে না।

৫। **বাতিলকরণ, পুনরুদ্ধার:** সরকার যে কোনো কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থাকে প্রদত্ত ট্রফি বাতিল করতে পারবে এবং উক্তরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থা প্রাপ্ত ট্রফি সরকারের নিকট প্রত্যাবর্তন করতে বাধ্য থাকবে, তবে সরকার প্রধান যথাযথ বলে বিবেচনা করলে বাতিলকৃত ট্রফি পুনঃপ্রদান করতে পারবেন।

৬। **ট্রফির প্রতিকৃতি ব্যবহার:** ট্রফি প্রাপ্তির তারিখ হতে তিন বছর পর্যন্ত ট্রফি প্রাপক ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা তার পণ্য প্যাকেজ এবং লেটার হেডে ট্রফির প্রতিকৃতি ব্যবহার করতে পারবেন।

৭। **ট্রফি প্রাপক নির্বাচন কমিটি গঠন:**

(১) বাণিজ্য মন্ত্রণালয় ২ (দুই)টি কমিটির মাধ্যমে জাতীয় রপ্তানি ট্রফি প্রাপক প্রতিষ্ঠান নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করবে:

(ক) **প্রাথমিক বাছাই কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (রপ্তানি), বাণিজ্য মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | মহাপরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা | সদস্য |
| ৩. | সংশ্লিষ্ট যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | জননিরাপত্তা বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৫. | শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৬. | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |

| | | |
|---|---|---|
| ৭. | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৮. | কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৯. | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ১০. | বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি | সদস্য |
| ১১. | জাতীয় রাজস্ব বোর্ডের (আয়কর অনুবিভাগের) প্রতিনিধি | সদস্য |
| ১২. | এফবিসিসিআই এর প্রতিনিধি | সদস্য |
| ১৩. | পরিচালক (পণ্য), রপ্তানি উন্নয়ন ব্যুরো | সদস্য সচিব |

**(খ) চূড়ান্ত বাছাই কমিটি:**

| | | |
|---|---|---|
| ১. | সিনিয়র সচিব/সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | মহাপরিচালক, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো | সদস্য |
| ৪. | অতিরিক্ত সচিব (রপ্তানি), বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | জননিরাপত্তা বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৬. | শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৭. | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৯. | কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ১০. | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ১১. | বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি | সদস্য |
| ১২. | জাতীয় রাজস্ব বোর্ডের (আয়কর অনুবিভাগের) প্রতিনিধি | সদস্য |
| ১৩. | এফবিসিসিআই এর প্রতিনিধি | সদস্য |
| ১৪. | সংশ্লিষ্ট উপসচিব, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য সচিব |

(২) প্রাথমিক বাছাই কমিটি প্রাপ্ত আবেদনসমূহ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশসহ চূড়ান্ত বাছাই কমিটি বরাবর দাখিল করবে;

(৩) চূড়ান্ত বাছাই কমিটি কর্তৃক প্রণীত সুপারিশ বাণিজ্যমন্ত্রীর অনুমোদনক্রমে প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।

(৪) কমিটি চাইলে প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৮। **গেজেট বিজ্ঞপ্তি:** ট্রফি প্রদান, বাতিলকরণ বা পুনঃরুদ্ধার গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করতে হবে।

৯। **ট্রফি প্রাপক নির্বাচনের শর্তাবলি:**

(১) ট্রফি প্রাপক কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থা নির্বাচনের ক্ষেত্রে নিম্নলিখিত নির্ণায়কসমূহ বিবেচনা করতে হবে:—

(ক) বিবেচ্য অর্থবছরের সংশ্লিষ্ট কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থার মোট রপ্তানি আয়;

(খ) পূর্ববর্তী অর্থবছরের তুলনায় বিবেচ্য অর্থবছরের আয়গত রপ্তানি প্রবৃদ্ধি (ডলার);

(গ) রপ্তানিকারক বিবেচ্য অর্থবছরের নতুন বাজারে কোনো পণ্য বিপণনে সক্ষম হয়েছে কিনা;

(ঘ) রপ্তানিকারক বিবেচ্য অর্থবছরের রপ্তানি বাজারে সাফল্যের সাথে নতুন পণ্য সংযোজন করেছে কিনা;

(ঙ) বিবেচ্য অর্থবছরের শিল্প প্রতিষ্ঠানের Complianceসমূহ রপ্তানিকারক কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থা প্রতিপালন করেছে কিনা; এক্ষেত্রে Compliance Format (কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিপ্তরের এর কারখানা পরিদর্শন চেকলিস্ট 'পরিশিষ্ট-ক' অনুসারে) মানদন্ড হিসেবে বিবেচনা করতে হবে।

(২) নির্ণায়কসমূহের জন্য পূর্ণমান ১০০ বিবেচনাপূর্বক উপ-দফা:

(ক) এর জন্য ৬০ নম্বর, (খ) এর জন্য ১০ নম্বর (গ) এর জন্য ১০ নম্বর (ঘ) এর জন্য ১০ নম্বর এবং (ঙ) এর জন্য ১০ নম্বর বন্টন করা হবে।

(৩) নির্ধারিত ৩৬টি পণ্য ও সেবা খাতের প্রতিটি খাতের সর্বোচ্চ রপ্তানি আয় এবং সর্বোচ্চ প্রবৃদ্ধি অর্জনকারী কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থাকে পূর্ণ নম্বর প্রদান করতে হবে এবং আনুপাতিক হারে অন্যান্য কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থাকে নম্বর প্রদান করতে হবে।

(৪) উপ-দফা (১) এ উল্লিখিত নির্ণায়কগুলোর মূল্যায়নের ভিত্তিতে সংশ্লিষ্ট পণ্য ও সেবা খাতে সর্বোচ্চ নম্বর অর্জনকারীকে স্বর্ণ, দ্বিতীয় সর্বোচ্চ নম্বর অর্জনকারীকে রৌপ্য এবং তৃতীয় সর্বোচ্চ নম্বর অর্জনকারীকে ব্রোঞ্জ প্রদান করা হবে।

(৫) সর্বক্ষেত্রে Proceeds Realisation Certificate (PRC) ভিত্তিতে আবেদনকারী কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থার রপ্তানি আয় বিবেচনা করা হবে। আবেদনকারী কোম্পানি, প্রতিষ্ঠান বা সংস্থা আবেদনের সাথে বিবেচ্য অর্থবছরের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত PRC সমূহের রপ্তানি আয়ের যোগফলের প্রত্যয়নপত্র দাখিল করবে।

(৬) রপ্তানিকারক-এর ব্যাংকের লেটার হেড প্যাডে রপ্তানিকারক কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থার নাম, পণ্যের নাম, FOB (Free On Board) মূল্যে অর্থবছরের মোট প্রত্যাবাসিত রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার উল্লেখপূর্বক পৃথকভাবে এক পাতার পিআরসি দাখিল করতে হবে। উল্লিখিত পিআরসি অবশ্যই সংশ্লিষ্ট ব্যাংক-এর প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। পিআরসি-তে স্বাক্ষরকারী এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নাম, পি.এ নম্বর সিলমোহর এবং ফোন নম্বর উল্লেখ করতে হবে।

**১০। জাতীয় রপ্তানি ট্রফি নির্বাচনের যোগ্যতা ও অযোগ্যতা:**

**(১) যোগ্যতা:**

নীতিমালার ৩(৪) অনুচ্ছেদ-এ উল্লিখিত ন্যূনতম রপ্তানি আয় থাকলে ৩৬টি পণ্য ও সেবা খাতের মধ্য হতে এক বা একাধিক খাতের জন্য বাংলাদেশি পণ্য ও সেবা রপ্তানিতে সম্পৃক্ত কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থা জাতীয় রপ্তানি ট্রফির জন্য আবেদন করতে পারবে।

**(২) অযোগ্যতা:**

(ক) যে সকল কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থার কোনো বকেয়া আয়কর এবং খেলাপী ঋণ বা অনাদায়ী ব্যাংক ঋণ থাকবে সেই সকল কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থা ট্রফি প্রাপ্তির অযোগ্য বলে বিবেচিত হবে। যে বছরের জন্য ট্রফি প্রাপক হিসেবে নির্বাচন করা হবে তার পূর্ববর্তী অর্থবছর পর্যন্ত সংশ্লিষ্ট আবেদনকারির কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থার আয়কর বকেয়া আছে কিনা জাতীয় রাজস্ব বোর্ড তাদের প্রতিবেদনে তা নিশ্চিত করবে। আবেদনকারিকে জাতীয় রাজস্ব বোর্ড হতে শুধু প্রতিষ্ঠানের কর্পোরেট ট্যাক্স পরিশোধের প্রত্যয়নপত্র সংগ্রহ করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। আবেদন পরবর্তী প্রত্যয়নপত্র দাখিল করলে তা গ্রহণযোগ্য হবে না। তবে, আবেদনকারী জাতীয় রাজস্ব বোর্ডে কর্পোরেট ট্যাক্সের বিষয়ে তথ্য/প্রত্যয়নপত্র প্রাপ্তির আবেদন করলে বোর্ড আবেদনকারীর অনুকূলে তা সরবরাহ করবে।

(খ) আয়কর সংক্রান্ত মামলা সংশ্লিষ্ট আপীলাত ট্রাইব্যুনালে/উচ্চ আদালতে বিচারাধীন থাকলে সে সকল কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থা'র আবেদন বিবেচনা করা যাবে;

(গ) আবেদনকারি কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থা নিজ দপ্তরের প্যাডে ঋণখেলাপী নয় মর্মে ঘোষণাপত্র সংযোজন করবে। ঋণখেলাপী বিষয়ে তথ্য যাচাইয়ের জন্য মন্ত্রণালয় থেকে বাংলাদেশ ব্যাংক থেকে তথ্য সংগ্রহ করা হবে।

(ঘ) কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থার খেলাপী বা অনাদায়ী ব্যাংক ঋণ সংশ্লিষ্ট বিষয়ে উচ্চ আদালতে মামলা বিচারাধীন থাকলে সে সকল ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার আবেদন বিবেচনা করা যাবে;

(ঙ) আবেদনকারি কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক দাখিলকৃত PRC সংক্রান্ত প্রত্যয়নপত্রের সত্যতা প্রাথমিক বাছাই কমিটি কর্তৃক বাংলাদেশ ব্যাংক থেকে যাচাই করতে পারবে;

(চ) আবেদনকারি কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থা বৈদেশিক ক্রেতার সাথে বাণিজ্য বিরোধ সমাধানে আগ্রহী না হলে বা দীর্ঘসূত্রিতার পথ অবলম্বন করলে জাতীয় রপ্তানি ট্রফি নির্বাচনের জন্য অযোগ্য বিবেচিত হবে;

(ছ) যে সকল কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থা বা তার কর্তৃপক্ষ আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত অথবা অন্য কোন কারণে অবাঞ্ছিত বিবেচিত সে সকল কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থা জাতীয় রপ্তানি ট্রফি প্রাপ্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে;

(জ) জাতীয় রপ্তানি ট্রফির জন্য আবেদনকারি ভুল/অসত্য তথ্য প্রদান করলে এবং তা প্রমাণিত হলে ঐ আবেদনকারি পরবর্তী ৩ (তিন) বছর জাতীয় রপ্তানি ট্রফি নির্বাচনের জন্য আবেদন করতে পারবেন না। এছাড়াও জাতীয় রপ্তানি ট্রফির জন্য নির্বাচিত হওয়ার পর প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে তার মনোনয়ন বাতিল করা হবে এবং পরবর্তী ৩ (তিন) বছর জাতীয় রপ্তানি ট্রফি প্রাপ্তির জন্য অযোগ্য হবে।

(ঝ) পরিবেশ দূষণের দায়ে দন্ডিত কোম্পানি/প্রতিষ্ঠান/সংস্থা দন্ডাদেশের তারিখ হতে পরবর্তী ০৫ বছরের জন্য জাতীয় রপ্তানি ট্রফি প্রাপ্তির অযোগ্য হবে। চূড়ান্ত নির্বাচনের পূর্বে এ বিষয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হতে অনাপত্তি সংগ্রহ করতে হবে।

১১। **নীতিমালা পরিবর্তন/সংশোধন:** প্রতি ৫ (পাঁচ) বছর পরপর অথবা প্রয়োজনে এর পূর্বেও নীতিমালা পর্যালোচনাপূর্বক সংশোধন করা যাবে। এক্ষেত্রে নীতিমালা সংশোধন প্রক্রিয়া চলমান থাকলে প্রচলিত নীতিমালা অনুযায়ী ট্রফি প্রাপক প্রতিষ্ঠান নির্বাচন করতে হবে এবং ট্রফি প্রদান করা হবে।

১২। **রহিতকরণ:** এতদ্বারা ২৯ ডিসেম্বর ২০১৩ তারিখের বাংলাদেশ গেজেট এর অতিরিক্ত সংখ্যার মাধ্যমে জারীকৃত বাণিজ্য মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি নং-২৬.০০.০০০০.১০২.৪৯.০১.১৩/৬৮২, তারিখ: ৪ ডিসেম্বর, ২০১৩ এর "জাতীয় রপ্তানি ট্রফি নীতিমালা-২০১৩" রহিত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

তপন কান্তি ঘোষ
সিনিয়র সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

## কারখানা পরিদর্শন চেকলিস্ট

**প্রথম খন্ড**

*ক) সাধারণ তথ্যাবলী:*

কারখানার নাম :------------------------------------------------------------------------------------------------
পূর্ণ ডাক ঠিকানা :------------------------------------------------------------------------------------------------
ডাকঘর :------------------------------------------------- থানা :---------------------------------------
জেলা :------------------------------------------------------------------------------------------------
মোবাইল নং :------------------------------------------------- ফোন নং :-----------------------------------
ই মেইল : -----------------------------------------------------------------------------------------------

প্রধান কার্যালয় :------------------------------------------------------------------------------------------------
ডাকঘর :------------------------------------------------- থানা :---------------------------------------
জেলা :------------------------------------------------------------------------------------------------

*কারখানার ধরণ* (সেক্টর)

কারখানা ব্যবস্থাপনা কর্তৃপক্ষের তথ্য:

| ক্রমিক নং | *নাম* | *পিতার নাম* | *মাতার নাম* | *পদবী* | *জাতীয়তা ও এনআইডি/পাসপোর্ট* | *ফোন নং* | *ই-মেইল (ঐচ্ছিক)* |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | | | | | | | |
| ২। | | | | | | | |
| ৩। | | | | | | | |
| ৪। | | | | | | | |
| ৫। | | | | | | | |

রেজিস্ট্রেশন*:*
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক: রেজিঃ/লাইসেন্স নং:---------- তারিখ:---------- নবায়ন:---------ক্যাটাগরী:------
শ্রমিকগণের রেজিস্টার্ড ট্রেড ইউনিয়ন: (শ্রম অধিদপ্তর কর্তৃক): ------------- ---------------- ------------- ----------
অন্যান্য রেজিস্ট্রেশন:

| বিষয়ঃ | | রেজিঃ নং: | তারিখ: | নবায়ন: | ক্যাটাগরী: |
|---|---|---|---|---|---|
| ট্রেড লাইসেন্স | : | ----------------- | ---------------- | ---------------- | ---------------- |
| ফায়ার লাইসেন্স | : | ----------------- | ---------------- | ---------------- | ---------------- |
| বৈদ্যুতিক সক্ষমতা | : | ----------------- | ---------------- | ---------------- | ---------------- |
| বয়লার লাইসেন্স | : | ----------------- | ---------------- | ---------------- | ---------------- |
| পরিবেশ ছাড়পত্র | : | ----------------- | ---------------- | ---------------- | ---------------- |
| গ্যাস সংযোগ-এর অনুমোদন | : | ----------------- | ---------------- | ---------------- | ---------------- |
| বিস্ফোরক লাইসেন্স | : | ----------------- | ---------------- | ---------------- | ---------------- |

প্রধান উৎপাদিত পণ্য/ সেবা ও উৎপাদন প্রক্রিয়া: ------------------------- ব্যবহৃত কাঁচামাল: --------------------------

বর্তমান পরিদর্শনের তারিখ ও সময় :
পূর্ববর্তী পরিদর্শনের তারিখ :

পূর্বের পরিদর্শনের উপর গৃহীত ব্যবস্থা (প্রযোজ্য হলে) :-------------------------------------------------------------

জনবল সংক্রান্ত :

| শ্রমিক সংখ্যা | স্থায়ী | শিক্ষানবিস | অস্থায়ী | সাময়িক | বদলী | শিক্ষাধীন | মৌসুমী |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| পুরুষ | | | | | | | |
| নারী | | | | | | | |
| কিশোর (১৪-১৮) | | | | | | | |
| শিশু শ্রমজীবী (১৪ এর নীচে, যদি থাকে) | | | | | | | |
| প্রতিবন্ধী | | | | | | | |
| মোট | | | | | | | |

| শ্রমিক ও কর্মচারীর সংখ্যা | | সরাসরি নিয়োগ প্রাপ্ত | | | | | ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত | | | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্রাপ্ত বয়স্ক | কিশোর | শিশু শ্রমজীবী | প্রতিবন্ধী | মোট | প্রাপ্ত বয়স্ক | কিশোর | শিশু শ্রমজীবী | প্রতিবন্ধী | মোট | |
| স্থানীয় শ্রমিক | পুরুষ | | | | | | | | | | | |
| | নারী | | | | | | | | | | | |
| স্থানীয় প্রশাসনিক স্টাফ | পুরুষ | | | | | | | | | | | |
| | নারী | | | | | | | | | | | |
| বিদেশী শ্রমিক | পুরুষ | | | | | | | | | | | |
| | নারী | | | | | | | | | | | |
| বিদেশী প্রশাসনিক স্টাফ | পুরুষ | | | | | | | | | | | |
| | নারী | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | |

পরিদর্শনের তারিখে উপস্থিত শ্রমিক সংখ্যা : পুরুষ:- নারী:- কিশোর:- শিশু শ্রমজীবী :-

জনবল সরবরাহকারী ঠিকাদারের তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) :

প্রতিষ্ঠানের নাম : ঠিকানা : লাইসেন্স নং :

খ) ভবন সংক্রান্ত তথ্য :

কারখানা ভবনের মালিকের নাম ও পরিচিতি : ------------------------------------------------------------------------

ভবনটির ধরণ (Type) : Purpose based Converted Shared অন্যান্য

ভবনে তলার সংখ্যা :

ভবনে কারখানা ও অন্যান্য প্রতিষ্ঠানের সংখ্যা :

পরিদর্শিত কারখানাটির অবস্থান: কারখানা মোট আয়তন (বর্গ মিটারে):

ভবনের বৈদ্যুতিক সাব -স্টেশনের অবস্থান : বয়লারের অবস্থান:

জেনারেটরের অবস্থান: গোডাউনের অবস্থান : (ক)সাধারণ পণ্য : (খ) রাসায়নিক পণ্য:

ভবন ও অন্যান্য কাঠামো বাহ্যিক পরিদর্শনের উপর মন্তব্য :

নির্মাণ কাজে নিয়োজিত প্রতিষ্ঠান ও ব্যক্তি :

| কাজের বিষয়: | | নাম : | পরিচিতি : |
|---|---|---|---|
| নির্মাণ কাঠামোগত নকশা (Structural design) | : | ------------------------- | ------------------------- |
| নির্মাণ পূর্ব মৃত্তিকা পরীক্ষা | : | ------------------------- | ------------------------- |
| নির্মাতা প্রকৌশলী/নির্মাতা কোম্পানী | : | ------------------------- | ------------------------- |

নকশা অনুমোদনকারী কর্তৃপক্ষ :

| বিষয় : | | কর্তৃপক্ষ : | অনুমোদন নং : | অনুমোদনের তারিখ : |
|---|---|---|---|---|
| ভবনের নকশা | : | রাজউক/চউক/স্থানীয় কর্তৃপক্ষ | -------------------------- | ---------------------------- |
| কারখানার Lay- out Plan | : | DIFE ------------------------ | -------------------------- | |

(দ্বিতীয় খন্ড প্রশ্নমালা)

১। নিয়োগ ও চাকরির শর্তাবলি সংক্রান্ত: (২)-পূর্ণ প্রতিপালন, (১)-আংশিক প্রতিপালন, (০)-নগণ্য প্রতিপালন বা প্রতিপালনবিহীন

| ক্রমিক নং | বাংলাদেশ শ্রম আইন-২০০৬ ও শ্রম বিধিমালা-২০১৫ | পরিদর্শন/ অনুসন্ধানের বিষয় | প্রশ্নভিত্তিক প্রাপ্ত মান | | | পর্যবেক্ষণ/ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | ২ | ১ | ০ | |
| ১.১ | ধারা-৩<br>বিধি-৪ | চাকরি বিধিমালা আছে কিনা? | | | | |
| ১.২*** | ধারা-৪,৫<br>বিধি-১৯(১),২৩ | শ্রমিকদের কাজের ধরণ ও প্রকৃতির ভিত্তিতে পদবীর শ্রেণিবিন্যাস করা হয়েছে কি? এবং শ্রেণী বিন্যাস অনুযায়ী প্রয়োজনীয় তথ্যসহ নিয়োগপত্র দেওয়া হয়েছে কি? | | | | |
| ১.৩* | ধারা-৫<br>বিধি-১৯(৫) | ৬ নং ফরমে ছবিসহ পরিচয়পত্র সরবরাহ করা হয়েছে কি? | | | | |
| ১.৪* | ধারা-৬,৭<br>বিধি-২১,২২ | নির্ধারিত ফরম-৭ অনুযায়ী শ্রমিকদের জন্যে সার্ভিস বই রক্ষণাবেক্ষণ করা হয় কি? | | | | |
| ১.৫* | ধারা-১২, ১৩, ১৬, ২৮(ক)<br>বিধি-২৫(১) | বন্ধ অথবা লে-অফের নোটিশ ১০ নং ফরম অনুযায়ী পরিদর্শককে পাঠানো হয় কি? | | | | |
| ১.৬* | ধারা-১২, ১৩,১৬ | বন্ধের মজুরী বা লে-অফের ক্ষতিপূরণ আইনের বিধান মোতাবেক পরিশোধ করা হয় কি? | | | | |
| ১.৭ | ধারা-২০<br>বিধি-২৭ | শ্রমিক ছাঁটাইয়ের ক্ষেত্রে আইনের বিধান অনুসরণ করা হয় কি? | | | | |
| ১.৮* | ধারা-২৩, ২৪<br>বিধি-২৯ | শ্রমিকদের শাস্তি প্রদানের ক্ষেত্রে আইনের পদ্ধতি অনুসরণ করে যথাযথ কারণভিত্তিক করা হয় কি? | | | | |
| ১.৯** | ধারা-১১,১৯,২০,২২, ২৩,২৬,২৭,২৮,২৮ক | শ্রমিকের মৃত্যু, ছাঁটাই, ডিসচার্জ, অবসান, স্বেচ্ছাবসান, অবসর, বা নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে চাকরি ছেদজনিত প্রাপ্য পাওনাসমূহ আইনমাফিক পরিশোধ করা হয় কি? | | | | |
| | | মোট প্রাপ্ত মান | | | | |

| সর্বাধিক গুরুত্বপূর্ণ -(১) | | অতি গুরুত্বপূর্ণ-(১) | | গুরুত্বপূর্ণ-(৫) | | সাধারণ-(২) | |
|---|---|---|---|---|---|---|---|
| প্রাপ্ত মান | % | প্রাপ্ত মান | % | প্রাপ্ত মান | % | প্রাপ্ত মান | % |
| | | | | | | | |

২। প্রসূতি কল্যাণ সুবিধাসংক্রান্ত : (২)- পূর্ণ প্রতিপালন, (১)-আংশিক প্রতিপালন, (০)- নগণ্য প্রতিপালন বা প্রতিপালনবিহীন

| ক্রমিক নং | বাংলাদেশ শ্রম আইন-২০০৬ ও শ্রম বিধিমালা-২০১৫ | পরিদর্শন/ অনুসন্ধানের বিষয় | প্রশ্নভিত্তিক প্রাপ্ত মান | | | পর্যবেক্ষণ/ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | ২ | ১ | ০ | |
| ২.১ ** | ধারা-৪৫,৪৬ | সন্তান প্রসবের পূর্ববর্তী ও পরবর্তী মেয়াদে আইনের বিধান মোতাবেক মহিলা শ্রমিকদের নিয়োগ নিয়ন্ত্রণ ও নিষেধাজ্ঞা সম্পর্কিত বিধান মালিক কর্তৃক প্রতিপালন করা হয় কি? | | | | |
| ২.২*** | ধারা-৪৬,৪৭,৪৮<br>বিধি-৩৮,৩৯ | আইন মোতাবেক মহিলাদের মার্তৃকালীন সুবিধা যথাযথভাবে পরিশোধসহ মার্তৃ কল্যাণ ছুটি প্রদান করা হয় কি? | | | | |
| ২.৩ ** | ধারা -৪৯ | প্রসূতি মহিলার মৃত্যুর ক্ষেত্রে আইনানুগ ব্যক্তিকে অন্যান্য প্রাপ্যসহ প্রসূতি কল্যাণ সুবিধা প্রদান করা হয় কি? | | | | |
| | | মোট প্রাপ্ত মান | | | | |

| সর্বাধিক গুরুত্বপূর্ণ-(১) | | অতি গুরুত্বপূর্ণ-(২) | | গুরুত্বপূর্ণ-(০) | | সাধারণ-(০) | |
|---|---|---|---|---|---|---|---|
| প্রাপ্ত মান | % | প্রাপ্ত মান | % | প্রাপ্ত মান | % | প্রাপ্ত মান | % |
| | | | | | | | |

৩। পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত:

(৩.ক) পেশাগত স্বাস্থ্য সংক্রান্ত (২)-পূর্ণ প্রতিপালন, (১)-আংশিক প্রতিপালন, (০)-নগণ্য প্রতিপালন বা প্রতিপালনবিহীন

| ক্রমিক নং | বাংলাদেশ শ্রম আইন-২০০৬ ও শ্রম বিধিমালা-২০১৫ | পরিদর্শন/ অনুসন্ধানের বিষয় | প্রশ্নভিত্তিক প্রাপ্ত মান | | | পর্যবেক্ষণ/ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | ২ | ১ | ০ | |
| ৩ক.১ * | ধারা-৫১<br>বিধি- ৪০-৪৪ | প্রতিষ্ঠানটি কি সামগ্রিকভাবে পরিচ্ছন্ন, স্বাস্থ্য সম্মত ও সকল প্রকার দূর্গন্ধমুক্ত উপায়ে রক্ষণাবেক্ষণ করা হয়? | | | | |
| ৩ক.২ ** | ধারা-৫২<br>বিধি-৪৫ | আইনের বিধান মোতাবেক কর্মকক্ষে পর্যাপ্ত ও কার্যকর বায়ু চলাচল ব্যবস্থা এবং আরামদায়ক উষ্ণতা রক্ষণাবেক্ষণ করা হয় কি? | | | | |
| ৩ক.৩ * | ধারা-৫৩(১)<br>বিধি-৪৬ | স্বাস্থ্যের জন্য অনিষ্টকর বা অস্বস্তিকর এমন ধূলা-বালি, ধোঁয়া বা দূষিত বস্তু জমা হওয়া ও উহার শ্বসন প্রতিরোধের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি? | | | | |
| ৩ক.৪ | ধারা-৫৩(২) | অন্তর্দহ ইঞ্জিন হতে নির্গত বাষ্প বা ধূঁয়া প্রতিরোধ /অপসারণের জন্যে পর্যাপ্ত কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি? | | | | |
| ৩ক.৫ * | ধারা-৫৪<br>বিধি-৪৭ | নির্গত তরল বর্জ্য সংশ্লিষ্ট আইনানুগ কর্তৃপক্ষের অনুমোদিত প্রক্রিয়ার মাধ্যমে দূষণমুক্ত করে অপসারণ করা হয় কি? | | | | |
| ৩ক.৬ * | ধারা-৫৬ | প্রত্যেক শ্রমিকের জন্য আইনে নির্ধারিত পর্যাপ্ত পরিমাণ জায়গার ব্যবস্থা করা হয়েছে কি? | | | | |
| ৩ক.৭ * | ধারা-৫৭(১)(২)<br>বিধি-৪৯ | সকল কাজের ঘর ও চলাচলের পথে পর্যাপ্ত (প্রাকৃতিক বা কৃত্রিম অথবা উভয় প্রকার) আলোর ব্যবস্থা রয়েছে কি? | | | | |
| ৩ক.৮ * | ধারা-৫৭ (৩) | কর্মস্থলে আলোর বিচ্ছুরণ বা প্রতিফলন থেকে সৃষ্ট ঝুঁকি (যদি থেকে থাকে) প্রতিরোধের জন্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি? | | | | |
| ৩ক.৯ *** | ধারা-৫৮<br>বিধি-৫০ | শ্রমিকদের জন্যে প্রত্যেক ফ্লোরে সুবিধাজনক স্থানে নিরাপদ ও বিশুদ্ধ পর্যাপ্ত খাবার পানির ব্যবস্থা রাখা হয়েছে কি? | | | | |
| ৩ক.১০ ** | ধারা-৫৯, ***৯১***<br>বিধি-৫১, ***৮৬*** | পুরুষ ও নারী শ্রমিকদের জন্য আইনের মান অনুযায়ী পৃথক ব্যবস্থাসহ প্রয়োজনীয় সংখ্যক ***ধৌতকরণ,*** শৌচাগার ও প্রক্ষালন কক্ষের ব্যবস্থা রয়েছে কি? | | | | |
| ৩ক.১১ | ধারা-৬০<br>বিধি-৫২ | প্রতিষ্ঠানের সুবিধাজনক স্থানে পর্যাপ্ত সংখ্যক পরিচ্ছন্ন ও স্বাস্থ্য সম্মত আবর্জনা বাক্স ও পিকদানি রক্ষণাবেক্ষণ করা হয় কি? | | | | |
| | | মোট প্রাপ্ত মান | | | | |

| সর্বাধিক গুরুত্বপূর্ণ -(১) | | অতি গুরুত্বপূর্ণ -(২) | | গুরুত্বপূর্ণ-(৬) | | সাধারণ-(২) | |
|---|---|---|---|---|---|---|---|
| প্রাপ্ত মান | % | প্রাপ্ত মান | % | প্রাপ্ত মান | % | প্রাপ্ত মান | % |
| | | | | | | | |

(৩.খ) পেশাগত নিরাপত্তা সংক্রান্ত : (২)- পূর্ণ প্রতিপালন, (১)-সাধারণ প্রতিপালন, (০)- নগণ্য প্রতিপালন বা প্রতিপালনবিহীন

| ক্রমিক নং | বাংলাদেশ শ্রম আইন-২০০৬ ও শ্রম বিধিমালা-২০১৫ | পরিদর্শন/ অনুসন্ধানের বিষয় | প্রশ্নভিত্তিক প্রাপ্ত মান | | | পর্যবেক্ষণ/ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | ২ | ১ | ০ | |
| ৩খ.১ *** | ধারা-৬১ বিধি-৫৩ | প্রতিষ্ঠানের কোন ভবন, অংশবিশেষ, চলাচলের পথ বা যন্ত্র জীবন ও নিরাপত্তার জন্যে কি ঝুঁকিপূর্ণ? | | | | |
| ৩খ.২ * | ধারা-৬২(১)<br>বিধি-৫৪(৩) | বহুতল ভবন বা ভবনের আন্ডারগ্রাউ-ফ্লোর থাকলে নিরাপদ বহির্গমনের উদ্দেশ্যে প্রতিষ্ঠানের প্রত্যেক তলার সাথে সংযুক্ত বিধি মোতাবেক অন্ততঃ দুটি স্থায়ী সিঁড়ির ব্যবস্থা রয়েছে কি? | | | | |
| ৩খ.৩ *** | ধারা-৬২(৩), (৩ক), (৩খ) ও ৭২<br>বিধি-৫৪(১)(২) | ২০ জনের অধিক সংখ্যক ব্যক্তির কর্মস্থানযুক্ত কক্ষসমূহে কমপক্ষে দুটি করে বহির্গমন পথ এবং উক্ত বহির্গমন পথ, চলাচলের পথ, সিঁড়ি ও মেঝেসমূহ যথাযথভাবে রক্ষণাবেক্ষণ ও প্রতিবন্ধকতা মুক্ত রাখা হয় কি? | | | | |

| ক্রমিক নং | বাংলাদেশ শ্রম আইন-২০০৬ ও শ্রম বিধিমালা-২০১৫ | পরিদর্শন/ অনুসন্ধানের বিষয় | প্রশ্নভিত্তিক প্রাপ্ত মান | | | পর্যবেক্ষণ/ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | ২ | ১ | ০ | |
| ৩খ.৪ ** | বিধি-৫৪ (৩) থেকে (৮) | সিঁড়িগুলির অবস্থা ও অবস্থান, আকার, নির্মাণ উপাদান, আলো-বাতাসের ব্যবস্থা ইত্যাদি আইন ও বিধির নির্দেশনা অনুযায়ী মানসম্মত হয়েছে কি? | | | | |
| ৩খ.৫ * | বিধি-৫৪(৯) | ফ্লোরে কাজ চলাকালে চিলেকোঠার দরজা খোলা রাখা হয় কি? | | | | |
| ৩খ.৬ ** | ধারা- ৬২ (৪)(৫) বিধি-৫৫(৮) | জরুরী বহির্গমন পথ ও দরজাসমূহ স্পষ্টভাবে চিহ্নিত করা, প্রতিষ্ঠানব্যাপী 'ফায়ার এলার্মের' ব্যবস্থা রাখা এবং বহির্গমন পথের নক্শা প্রয়োজনীয় স্থানে প্রদর্শন করা হয় কি? | | | | |
| ৩খ.৭ *** | ধারা-৬২(১) বিধি-৫৫(১) ও (৭) | প্রতিষ্ঠানে পর্যাপ্ত সংখ্যক অগ্নি নির্বাপক যন্ত্র ও সরঞ্জাম, হোজরিল নির্দিষ্ট পয়েন্টসমূহে কার্যকর ভাবে প্রস্তুত রাখা হয়েছে কি? | | | | |
| ৩খ.৮ ** | ধারা-৬২(১) বিধি-৫৫ (১৫) | আইনের বিধান অনুযায়ী মানসম্মত জলাধারের ব্যবস্থা করা হয়েছে কি? | | | | |
| ৩খ.৯ * | ধারা-৬২(৭) বিধি- ৫৫(১০) | প্রতিষ্ঠানের সামগ্রিক অগ্নি নির্বাপণ ব্যবস্থাপনা ও বহির্গমনের উপায় সম্পর্কে শ্রমিকদের প্রশিক্ষিত করার জন্যে নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচীর ব্যবস্থা ও দল গঠন করা হয়েছে কি? | | | | |
| ৩খ.১০ ** | ধারা-৬২(৮) বিধি- ৫৫(১৩)(১৪) | পঞ্চাশ বা ততোধিক শ্রমিক থাকলে, প্রতিষ্ঠানে "অগ্নি নির্বাপণী পরিকল্পনা" রয়েছে কি এবং নিয়মিতভাবে অগ্নি নির্বাপণ মহড়ার আয়োজন করা হয় কি? | | | | |
| ৩খ.১১ *** | ধারা-৬৩ বিধি-৫৬, ৫৯ | সকল মেশিন ও সরঞ্জামের বিপজ্জনক অংশ এবং বৈদ্যুতিক জেনারেটর, মোটর বা রোটারী কনভার্টারের সকল অংশ চলমান থাকা বা ব্যবহারের সময় দৃঢ়ভাবে নির্মিত নিরাপত্তা মূলক ঘেরা (Safe guard) দ্বারা ঘিরে রাখা হয়েছে কি? | | | | |
| ৩খ.১২ * | বিধি-৫৮(১)(৩)(৭) | সমগ্র বিদ্যুৎ সরবরাহ লাইন কি প্রতিষ্ঠানে ব্যবহৃত মোট বিদ্যুৎ শক্তির ভার বহনে সক্ষম এবং সংযোগ লাইন ও সরঞ্জামাদি কি আইনের মান অনুযায়ী রক্ষণাবেক্ষণ করা হয়? | | | | |
| ৩খ.১৩ ** | বিধি-৫৮ (২)(৮)(১০) | উপযুক্ত লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান হতে বৈদ্যুতিক ওয়্যারিংয়ের সঠিকত্ব সনদ গ্রহণ এবং এ সবের নিয়মিত পরীক্ষা মালিক কর্তৃক করানো হয় কি? | | | | |
